আমার   বনে বনে ধরল মুকুল,
বহে   মনে মনে দক্ষিণহাওয়া।
মৌমাছিদের ডানায় ডানায়
যেন   উড়ে মোর উৎসুক চাওয়া ॥
গোপন স্বপনকুসুমে কে   এমন   সুগভীর রঙ দিল এঁকে—
নব   কিশলয়শিহরণে   ভাবনা আমার হল ছাওয়া ॥
ফাল্গুনপূর্ণিমাতে
এই দিশাহারা রাতে
নিদ্রাবিহীন গানে   কোন্   নিরুদ্দেশের পানে
উদ্বেল গন্ধের জোয়ারতরঙ্গে   হবে মোর তরণী বাওয়া ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Raag: Bahaar
Visit www.geetabitan.com for notation and other detail